




স্মারক নং-খু প্র বি/ ২৫৭৬ (৭০০)

তারিখ ০২/০২/১২



২০১১-২০১২ শিক্ষা বর্ষের স্নাতক কোর্সের ১ম বর্ষের ওরিয়েন্টেশন ও ক্লাস শুরু করা প্রসঙ্গে।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে একটি অন্যতম বিশ্ববিদ্যালয়। ছাত্র-ছাত্রীরা এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে নির্ধারিত সময়ের মধ্যে ডিগ্রী অর্জন করতে সক্ষম হয়। প্রয়োজনীয় অবকাঠামো ও সুযোগ সুবিধাসহ দেশের সুযোগ্য শিক্ষক মন্ডলী দ্বারা পরিচালিত হচ্ছে দেশের প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ক এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানটি। ২০১১-২০১২ শিক্ষা বর্ষে ভর্তি হওয়ার উদ্দেশ্যে অনেক মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনি বর্তমানে এ পরিবারের একজন নবীন সদস্য।

আগামী ১৬/২/২০১২ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০-০০ ঘটিকায় এ বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়াম ভবনে ২০১১-২০১২ শিক্ষাবর্ষের স্নাতক ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন (পরিচিতি সভা) অনুষ্ঠিত হবে। ওরিয়েন্টেশন শেষ হওয়ার পর ছাত্র-ছাত্রীদেরকে তাদের স্ব স্ব বিভাগে উপস্থিত হয়ে কোর্স রেজিস্ট্রেশনসহ অন্যান্য আনুষঙ্গিক দাপ্তরিক কার্যবলী সম্পন্ন করে নির্ধারিত ক্লাস শুরু করতে হবে। এখানে একটি বিষয়ে উল্লেখ্য যে, ক্লাস শুরুর হওয়ার পর ২(দুই) সপ্তাহ একটানা ক্লাসে অনুপস্থিত থাকলে সেক্ষেত্রে তার ভর্তি আপনা আপনি বাতিল হয়ে যাবে। ঐ দিনই ছাত্র-ছাত্রীদের তাদের জন্য নির্ধারিত হলে উপস্থিত হয়ে ঘোষিত সময়ে হলে অনাবসিক ছাত্র হিসেবে ভর্তি হবার যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে।

আপনাকে আবারও স্বাগত জানাচ্ছি। নির্ধারিত তারিখ ও সময়ে আপনি আমাদের মাঝে উপস্থিত হয়ে জীবনের নতুন অধ্যায়ের শুভ সূচনা করবেন এ প্রত্যাশা ব্যক্ত করছি।

Mst. 2/2/12
(মোঃ আব্দুর রউফ)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২/২/২০১২